



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ উপ হাইকমিশন, করাচী

Deputy High Commission for the
People's Republic of Bangladesh, Karachi

নং- ১৯.০২.৯২০২.১০১.২৩.০০৩.২৬.৪২


তারিখঃ ১২ আগস্ট ২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইদানীং বেশ কিছু প্রবাসী বাংলাদেশির সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া অনাকাঙ্ক্ষিত পোস্ট/স্ট্যাটাসকে ঘিরে অনভিপ্রেত ঘটনা লক্ষ্য করা যাচ্ছে যা ঐ সকল দেশের এমনকি বাংলাদেশের স্থিতিশীলতা ও আইনশৃঙ্খলার পরিপন্থি বলে গণ্য হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত ঐ সকল পোস্ট/কন্টেন্টস তথা স্ট্যাটাস সমূহ বিদেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের মধ্যে অস্থিরতা সৃষ্টি করছে এবং সংশ্লিষ্ট দেশগুলোর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দৃষ্টিতে তা বেআইনি ও শৃঙ্খলার পরিপন্থি হিসেবে গণ্য হচ্ছে।

উপর্যুক্ত ঘটনার আলোকে পাকিস্তানে বসবাসরত সকল বাংলাদেশিদের এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, আপনারা যে কোনো সংবেদনশীল/রাজনৈতিক/সামাজিক/ধর্মীয় বিষয়ে কোনো ধরনের পোস্ট সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করা হতে বিরত থাকবেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ারকৃত আপনাদের কোনো পোস্টকে ঘিরে কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনার উদ্ভব হলে কিংবা তা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরে এলে এর পরিপ্রেক্ষিতে পাকিস্তান সরকার তথা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃপক্ষ কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে সে বিষয়ে পরবর্তীতে উদ্ভূত পরিস্থিতির জন্য সকল দায়ভার অভিযুক্ত ব্যক্তিকেই বহন করতে হবে।

এতদ্বারা পাকিস্তানে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশিদের নাগরিককে এ বিষয়ে সর্বোচ্চ সজাগ ও সতর্ক থাকার জন্য উপ-হাইকমিশনের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ জানানো হল। পাকিস্তানে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশি নাগরিকদের সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ সামাজিক জীবনযাপনে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।





(মোঃ মামুনর রশীদ)
প্রথম সচিব ও দূতালয় প্রধান